বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফোন : ৯৫৫৭৯৮৮
পিএবিএক্স : ৯৫৬০০২১-২২
৯৫৬০০৩১-৩৫
(এক্সটেনশন-৩৪৪)
e-mail : dgmpid@krishibank.org.bd

**প্রজেক্ট ক্রেডিট বিভাগ**

বিকেবি-প্রকা/প্রক্রেবি-৩(৩৮)দুগ্ধ উৎপাদন/২০১৭-২০১৮/৬৫৭ তারিখঃ ২৮.০১.২০১৮

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ বাংলাদেশকে দুধে স্বয়ংসম্পূর্ণ করার জন্য ৫% হার সুদে ঋণ প্রদানের লক্ষ্যে পুনঃ অর্থায়ন **কর্মসূচী (Refinance Scheme) প্রনয়ন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে কৃষি ঋণ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার ২২.০১.২০১৮ তারিখের পত্র নং- এসিডি(জিবিডি)৫৩৭(৫৬)/২০১৮-৪৩৮ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। উপরোক্ত পত্রে ৫% হার সুদে দুগ্ধ উৎপাদন ও কৃত্রিম প্রজনন খাতে অত্র ব্যাংকের অনুকুলে বরাদ্দের অবিতরনকৃত অর্থ প্রকৃত খামারীদের মধ্যে বিতরনের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা দেয়া হয় ঃ

(ক) ৩১ মার্চ, ২০১৮ তারিখের মধ্যে অবিতরণকৃত সমুদয় অর্থ গ্রাহক পর্যায়ে বিতরণ করতে হবে;

(খ) ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে গ্রাহক পর্যায়ে সর্বোচ্চ ২৭ মাস মেয়াদে ঋণ বিতরণ করা যাবে ;

(গ) বাংলাদেশ ব্যাংক থেকে পুনঃঅর্থায়ন সুবিধা একই (২ (খ) নং ক্রমিকে বর্ণিত) মেয়াদে প্রয়োজ্য হবে।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত নির্দেশনা পরিপালনপূর্বক আপনাদের বিভাগাধীন অঞ্চলসমূহে ৫% রেয়াতি হার সুদে দুগ্ধ উৎপাদন ও কৃত্রিম প্রজনন খাতে পুনঃ অর্থায়ন কর্মসূচীর আওতায় ইতোপূর্বে বরাদ্দের অবিতরণকৃত অর্থ আগামী ৩১/০৩/২০১৮ তারিখের মধ্যে ১০০% বিতরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

০৪। উল্লেখ্য, অত্র ব্যাংকের পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ০২/২০১৫ এবং ১৫/২০১৬ তারিখ যথাক্রমে ৩০/০৯/২০১৫ ও ০৬/০৯/২০১৬ এর অন্যান্য নির্দেশনা যথাযথ অনুসরণ করতে হবে।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,

২৮.১.১৮

(জাফরুল হাসান)
উপমহাব্যবস্থাপক

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি ঃ

০১। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০২। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৩। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৪। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। অফিস কপি।